# Sentence (বাক্য)

D+h+a+k+a = D +h + a + k + a, u+n+i+v+e+r+s+i+t+y = Dhaka university, এভাবেই letter (বর্ণ) থেকে (word) word থেকে sentence গঠিত হয়।

## কিছু গুরুত্বপূর্ণ কথা

**সংজ্ঞা:** এক বা একাধিক word পাশাপাশি বসে যখন সুন্দরভাবে মনের ভাবে প্রকাশ করে তখন তাকে sentence বলে। অথবা কয়েকটি word পাশাপাশি বসে যখন সুন্দর একটি অর্থ দেয় তাকে Sentence বলে।

**Sentence হওয়ার শর্ত:**

1. Sentence-এ অবশ্যই subject থাকবে।
2. Sentence-এ অবশ্যই finite verb থাকবে।
3. Sentence দ্বারা অবশ্যই complete sentence বা সম্পূর্ণভাব প্রকাশ পাবে।

**যেমন:** Tahsin the on finishing.

**এই শব্দগুচ্ছ কোন sentence নয় কারণ:**

1. এই group of words দ্বারা কোন সম্পূর্ণভাব প্রকাশ পায়নি।
2. এতে subject পাওয়া গেলেও কোন finite verb পাওয়া যায়নি।
3. প্রতিটি sentence এ main verb থাকা বাধ্যতামূলক। এজন্য verb কে sentence এর প্রাণ বলা হয়।
4. ব্যতিক্রম শুধু imperative sentence এ ছাড়া সব ধরণের sentence এ Subject থাকা আবশ্যক।
5. assertive sentence আবার affirmative এবং negative হতে পারে।
6. Affirmative sentence এ হ্যা বোধক বর্ণনা থাকবে।
    - I am a student. (আমি একজন ছাত্র।)
    - He has came here. (তিনি এখানে এসেছিলেন।)
7. negative:- না বোধক বোঝাবে অর্থাৎ (no, not, never, hardly ইত্যাদি থাকবে।)
8. auxiliary verb এর পরে not বসলে negative হয়।
    - I <u>am</u> not a student. (আমি একজন ছাত্র না।)
    - He <u>has</u> not come here. (তিনি এখানে আসেনি।)

**ব্যাখ্যা:** উপরের দুইটি উদাহরণ যথাক্রমে Auxiliary verb "am & has" এর পরে not বসে বাক্যটি negative হয়েছে।

9. Subject এর পরে do not/does not/did not বসালে negative হয়।
    - <u>I</u> do not write a letter. (আমি একটি চিঠি লিখি না।)
    - <u>He</u> does not go. (সে যায় না।)
    - <u>She</u> did not call me. (সে আমাকে কল করেনি।)

**ব্যাখ্যা:** উপরের তিনটি উদাহরণ যথাক্রমে Sub "I, he, She" এদের পরে do not, does not, did not বসে বাক্যটি negative হয়েছে।

## Kinds of sentence

**অর্থ অনুযুয়ী Sentence পাঁচ প্রকার। যথা:-**

1. Assertive sentence/Declarative/Statement (বর্ণণা বা বিবৃতি মূলক)
2. Interrogative sentence/Question (প্রশ্ন বা জিজ্ঞাসা মূলক)
3. Imperative/Command sentence (আদেশ, অনুরোধ, উপদেশ মূলক)
4. Optative sentence (ইচ্ছ প্রকাশ)
5. Exclamatory sentence (বিস্ময় মূলক)

# গঠন (Structure) অনুযায়ী Sentence তিন প্রকার

1. Simple 2. Complex 3. Compound

# Assertive sentence/বিবৃতি বা বর্ণনা মূলক

যে সব sentence দ্বারা সাধারণভাবে কোনো বিবৃতি বা তথ্য প্রদান করা হয় তাদেরকে Assertive sentence বলে। অথবা "হ্যা" বোধক অথবা "না" বোধক কথাকেই Assertive Sentence বলে।

**Assertive sentence তিন প্রকার। যথা:-**

1. Affirmative
2. Negative
3. Emphatic

**Affirmative:-** যেসব Sentence দ্বারা 'হ্যা' বোধক বিবৃতি বা তথ্য প্রদান করা হয়, তাদেরকে Affirmative sentence বলে।

**Negative:-** যেসব Sentence দ্বারা 'না' বোধক বিবৃতি বা তথ্য প্রদান করা হয়, তাদেরকে Negative sentence বলে।

**Emphatic:-** যেসব Sentence দ্বারা কোনো বক্তব্য জোরালোভাবে প্রকাশ করা হয়, তদেরকে Emphatic Sentence বলে।

## Assertive Sentence সম্পর্কে কিছু কথা

→ Assertive sentence যে কোন দৈর্ঘের হতে পারে।
→ assertive sentence এর শেষে full stop (.) চিহ্ন বসে।
→ একাধিক assertive sentence সাধারণত linking words বা simi colon (!) দ্বারা যাক্ত হতে পারে।

**→ Assertive sentence:-**

1. **গঠন:-** Subject + verb + others + full stop (.).
2. **গঠন:-** There + verb + subject (Noun/noun phrase) + others + Full stop (.).

**Exam:-**

1. She takes tea. (সে চা পান করে।)

**ব্যাখ্যা:-** She এখানে Sub + takes এখানে Main verb + tea এখানে object বা others বলতে পারি।

2. Himu looks smart. (হিমু দেখতে স্মার্ট।)

**ব্যাখ্যা:-** Himu এখানে Sub + looks এখানে Linking verb/verb + "smart" টি হলো others.

3. There is a industry in this village. (এই গ্রামে একটি কারখানা আছে।)

# Interrogative Sentence (প্রশ্ন বা জিজ্ঞাসা মূলক বাক্য)

**সংজ্ঞা:-** যে সব sentence দ্বারা কোন প্রশ্ন করা বা জিজ্ঞাস করা বোঝায় তাকে interrogative sentence বলে।

**গঠন:-** wh-word/Auxiliary verb + Sub ……..?

**Exam:-**

- What is your name? (তোমার নাম কি?)
- Will you help me? (তুমি কি আমাকে সাহায্য করবে।)

## Interrogative sentence চেনার উপায়

1. "Wh" word দ্বারা বাক্য শুরু হবে।

2. Auxiliary verb দ্বারা বাক্য শুরু হবে।

3. sentence এর শেষে প্রশ্ন বোধক চিহ্ন (?) বসবে।

**Interrogative sentence মূলত চার ধরণের হতে পারে। যথা:-**

1. yes/no question
2. Wh-question
3. tag question
4. Embedded Question

**Yes/no question এর গঠন:-** Auxiliary verb + subject + Main verb + object?

**যেমন:** 1. will you help me? (তুমি কি আমাকে সাহয্য করবে?)

2. Have you gene there? (যেখানে তুমি গিয়েছিলে?)

3. Are you ok. (তুমি কি ওকে?)

**ব্যাখ্যা:-** yes/no question এ Auxiliary verb "Subject" এর পূর্বে বসে? যেমনটা "will" have Are" "you" subject এর পূর্বে বসেছে।

**Yes/No question চেনার সহজ উপায়:-** যদি কোন Interrogative sentence "Auxiliary verb দিয়ে শুরু হয় তখন তাকে yes/No Question বলা হয়।

| **Auxiliary verb + subject +** | | **main verb ……?** | |
|---|---|---|---|
| do/does/did | থাকলে | v1 | বসবে |
| am/is/are/was/were | থাকলে | $\text{verb}_{\text{ing}}$ | বসবে |
| have/has/had | থাকলে | v3 | বসবে |

**Wh question গঠন:**

**1. →** Wh-word + Auxiliary verb + Sub + Main verb + object/others?

1. What is he doing? (সে কি করছে?)

2. Whom have you liked most? (তুমি কাকে বেশি পছন্দ কর?)

**ব্যাখ্যা:-** এখানে Auxiliary verb হলো is ও have তার পূর্বে Wh-word বসেছে। তাই এই word গুলোকে wh-word গুলোকে wh-word বলে।

**2. →** wh-word + do/doed/did + sub + verb + other?

**1.** When did he come? (সে কখন এসেছিল? ।)

**2.** Whom do you like? (সে কি কাকে পছন্দ করে ।)

**Wh Question:**

এমন কিছু প্রশ্ন রয়েছে যাদের উত্তরে হ্যাঁ/না বলা যায় না তাদেরকে Wh Question বলা হয়। যথঃ যদি বলি

What class so you read in? (তুমি কোন ক্লাসে পড়?)

যদি উত্তর হ্যাঁ/না, তাহলে কি হবে? নিশ্চয় না, অর্থাৎ এ প্রশ্নের উত্তরে হ্যাঁ/না বলা যাবে না, তার পরির্তে একটি পুরো Sentence বলতে হবে।

**Wh word:**

যে সকল শব্দ Wh দিয়ে শুরু হয় তাদেরকে Wh word বলা হয়। যথ, Which, What, Whose, Whim, Who, When, Why, While, Where ইত্যাদি।

How শব্দটি Wh দিয়ে শুরু হয় নি, তারপরও তাকে Wh-word হিসেবে গণ্য করা হয়।

**Wh Question চেনার সহজ উপায়:**

যখন কোন Interrogative sentence Wh-Word হিসেবে গণ্য করা হয়।

- Who came here? (কে এসেছে?)
- Whom do you know? (তুমি কাকে চিন?)
- What is your name? (তোমার নাম কি?)

**Note:-** Tag question ও Embedded Question অংশ গুলো এখানে আলোচনা করব না তাদের আলোচনা tag ও bedded অংশে দেখার অনুরোধ রহল।

# Imperative sentence

**সংজ্ঞা:-** যে সব sentence দ্বারা আদেশ, নিষেধ, উপদেশ, অনুরোধ, ইত্যাদি প্রকাশ পায় তখন তাদেরকে Imperative sentence বলে।

**চেনার উপায়:-**

1. Subject থাকবে না (তবে you subject) উহ্য থাকবে।
2. let/don't/never/please/kindly/always/be/have/v1 দ্বারা শুরু হয়।

**Structure:-**

1. v1 + object/complement/extension = (go out) (বেরিয়ে যাও)
2. don't + v1 + ext = (don't run in the sun) (রৌদ্রে দৌড়াদৌড়ি কর না।)
3. be + extension = (be careful) (be sinccare) (সাবধান,আন্তরিক হও।)
4. have + noun + ………… (have your seat) (বসুন)
5. please/kindly + v1 + ext = (please do the work)
6. always/never + v1 + extansion = (never tella lie) (কখনো মিথ্যা বলনা।)
7. let + obj + v1 + extension = (let me do the work) (আমাকে কাজ করতে দিন।)

**Note:-** verb + you থাকলে Assertive Sentence হয়, Thank you, wish you best of Luck.

তবে, verb + you (ব্যতিত অন্য object থাকলে Imperative Sentence হয়। যথা; Thank them, wish her best of luck.

# Optative sentence/শুভকামনা মূলক বাক্য

**সংজ্ঞাঃ-** যে বাক্য দ্বারা ইচ্ছ, অভিশাপ, আশির্বাদ, প্রর্থনা, কমনা, শুভ কামনা, কারো প্রতি দোয়া বা wish করা বোঝায় তাকে optative sentence বলা হয়। **যথাঃ** may, wish, long ইত্যাদি।

**Structure:**

1. May/long/live + Assertive বাক্যে
2. Direct wish বুঝাবে

1. may allah bless you. (আল্লাহ তোমাকে রহমত করুক।)
2. may you live long. (তুমি দূর্ঘজীবী হও।)
3. long live Bangladesh. (বাংলাদেশ দীর্ঘজীবী হোক।)
4. happy birthsay. (শুভ জন্মদিন।) [wish বুঝাচ্ছে]
5. bye (বিদায়)

# Exclamatory sentence

**সংজ্ঞাঃ-** যে বাক্য দ্বারা আকস্মিক, আবেগ, সূখ, দুঃখ, রাগ বিস্ময় প্রকাশ পাবে এবং বাক্যের/শব্দের শেষে বিস্ময় চিহ্ন (!) বসবে সেটি exclamatory sentence হবে বা তাকেই exclamatory sentence বলে।

**Structure:**

1. subject + verb + such + a/an + objective = noun!

   She is such a kind person. (সে এমনই দয়ালু ব্যক্তি!)

2. what + a/an + ………….. !

   what a beautiful color it is! (কি সুন্দর রঙ এটা!)

3. hurrah!, alas!, fie!, hush!, subject + verb + extension.

   hurrah! we have own the game. (কি মজা! আমারা খেলাটি জিতেছি।)

4. subject + verb + so + object!

   this is so amazing. (এটা খুবই বিস্ময়কর!)

5. how + object ………!

   how odd it was! (এটা কতইনা অদ্ভুদ ছিল!)

**1. 'The wind is unfavorable.' What kind of sentence is this?** [IU: 09-10]

(a) Assertive (b) Interrogative (c) Imperative (d) Optative (a)

**ব্যাখ্যাঃ** কেননা বাকটির সাধারণ structure "subject + verb + extension + full stop" এবাবেই গঠিত হয়েছে।

**2. Identify the imperative sentence:** [২৭ তম বিসিএস]

(a) I shall go to collage (b) Matin is singing a song

(c) Stand up (d) It has been raining tomorning (c)

ব্যাখ্যাঃ আদেশ, অনুরোধাসূচক বাক্যকে imperative sentence বলে।

**3. ‘How charming the sight is!’ is an example of -** [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মিডওয়াইফ ২০২০]

(a) Assertive sentence (b) Interrogative sentence

(c) Exclamatory sentence (d) Optative sentence (c)

ব্যাখ্যাঃ প্রদত্ত বাক্যটি exclamatory sentence কারণ এর শেষে note of exclamation (!) রয়েছে এবং শুরুতে How থাকলেও auxiliary verb (is) রয়েছে subject (the sight) এর পরে। প্রশ্নবোধক বাক্য হলে is হতে the sight এর আগে।

**4. ‘We must not be late, else we will miss the train.’ This is a -** [40 তম বিসিএস]

(a) compound sentence (b) complex sentence

(c) simple sentence (d) interrogative sentence (a)

ব্যাখ্যাঃ একাধিক clause যদি and, or, but, else দ্বারা যুক্ত হয়ে গঠিত বাক্যটি হচ্ছে compound sentence.

**5. The, ‘sentence, ‘what a delicious meal!’ is a/an -** [পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা-১৭]

(a) Interrogative sentence (b) Optative sentence

(c) Imperative sentence (d) Exclamatory sentence (d)

ব্যাখ্যাঃ what a deliciors meal! (কি একটি সুস্বাদু খাবার!) একটি Exclamatory sentence.

**6. Be quiet I’ll punish you.’ What kind of sentence is it?** [RU: 10-11]

(a) Assertive (b) Interrogative (c) Imperative (d) Exclamatory (c)

ব্যাখ্যাঃ “Be verb + adjective” এভাবে উপরের বাক্যটি imperative sentence হয়েছে। অর্থাৎ, সাধারণত যেকোনো adjective এর পূর্বে “be” বসলে সেটি imperative sentence হয়।

**7. Identify optative sentence:** [NU: 06-07]

(a) He does not waste time (b) Who are you?

(c) Never tell a lie (d) May you live long (d)

ব্যাখ্যাঃ May/Long + subject ………. = Optative sentence, সেইদিক থেখে “(d)” নং উত্তর-ই সঠিক।

**8. Which is the example of an imperative sentence.** [NU: 06-07]

(a) Do it at once (b) You read attentively

(c) I wish your success in life (d) Does he go to school (a)

ব্যাখ্যাঃ Verb “Do” দ্বারা শুরু হওয়ায়, উল্লেখিত সকল sentence এর মধ্যে থেকে এমাত্র “Do it at once” - ই imperative sentence.

**9. May Allah help you. What kind of sentence is this?** [BCS: 11]

(a) Assertive (b) Optative (c) Imperative (d) Exclamatory (b)

ব্যাখ্যাঃ উল্লেখিত বাক্যটি “May” দ্বারা শুরু হওয়ায় তা optative sentence হয়েছে।

**10. Open at page 50. What kink of sentence is this?** [IU: 04-05]

(a) Imperative (b) Optative (c) Exclamatory (d) Assertive (a)

ব্যাখ্যা: Verb "Open" দ্বারা শুরু হওয়ায় উল্লেখিত বাক্যটি imperative sentence.

**11. 'Go and shut the door.' What kind of sentence is this?** [BRUR: 16-17]

(a) Imperative (b) Optative (c) Exclamatory (d) Assertive (a)

ব্যাখ্যা: Main verb, let, please, kindly, let us, never, do not = Imperative sentence.

**12. What type of sentence is it- 'Let me go.'** [JNU: 18-19]

(a) Assertive (b) Imperative (c) Optative (d) Exclamatory (b)

ব্যাখ্যা: Let, please, kindly, let us, never, do not, main verb = imperative sentence

**13. 'Please bring me a cup of tea' - what kind of sentence is this?** [Pri-primary (AT): 15]

(a) imperative (b) assertive (c) optative (d) interrogative (a)

ব্যাখ্যা: যেহেতু বাক্যটি "please" দ্বারা শুরু হয়েছে, এই জন্য উল্লিখিত বাক্যটি imperative sentence.